[redacted]

[redacted]

দর্শনায় জনতা ব্যাংকের নতুন ভবন শুভ উদ্বোধন অনুষ্ঠানে আব্দুর রাজ্জাক

চুয়াডাঙ্গার দর্শনায় জনতা ব্যাংকের নতুন স্থানান্তরের শুভ উদ্বোধন করা হয়েছে। আজ বৃহস্পতিবার সকাল ১১ টার দিকে দর্শনা রেল বাজার বাগদাদ মার্কেটের দ্বীতীয় তলায় জাঁকজমকপৃর্ন আনুষ্ঠানিক ভাবে ফিতা কেটে নতুন ভবনের উদ্ধোধন করেন জনতা ব্যাংকের খুলনা বিভাগীয় মহাব্যাবস্থাপক আব্দুর রাজ্জাক। পরে শুরু হয় আলোচনাসভা।

দর্শনা জনতা ব্যাংক শাখার ব্যবস্থাপক ফুহাদ হাসান খানের সভাপতিত্বে অনুষ্ঠানের প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে তিনি বলেন, জনতা ব্যাংক মানেই জনতার ব্যাংক গ্রাগকরা ব্যাংকের প্রান। আপনারা জনতা ব্যাংকে আসবেন এবং সেবা নেবেন।সেবাই কোন ক্রটি হলে সংশিষ্ট কতৃপক্ষকে জানাবেন। আপনাদের সার্বিক সহযোগিতা পেলে সফলতার সাথে এগিয়ে যাবে জনতা ব্যাংক।এ সময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, কেরু এ্যান্ড কোম্পানীর মহাব্যাবস্থাপক অর্থ আব্দুস ছাত্তার, জনতা ব্যাংকের সহকারী এরিয়া মহাব্যাবস্থাপক আশরাফুজ্জামান, খুলনা বিভাগীয় কার্যলয়ের সহকারী মহাব্যাবস্থাপক সাইফুল ইসলাম প্রমুখ।

এ নতুন ভবন উদ্বোধন অনুষ্ঠানে প্রায় ৪শ গ্রাহক উপস্থিত ছিলেন। এ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন দর্শনা জনতা ব্যাংকের সিনিয়র কর্মকর্তা রেজাউল হক।

সোনালী ব্যাংক পিএলসি দর্শনা শাখার নতুন ভবনে শুভ উদ্বোধন

সোনালী ব্যাংক পিএলসি দর্শনা শাখার নতুন ভবনের জাকজমকপূর্ণ ভাবে শুভ উদ্বোধন অনুষ্ঠিত হয়েছে।